বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

# তথ্য অধিকার বিষয়ক

# প্রচারপত্র

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

**জনাব সুমন ঠাকুর**
জনসংযোগ কর্মকর্তা
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
মোবাইল: ০১৭৩১-৫০৮৪৭৭
টেলিফোন: ০২৫৮৮৮৫১০১৩
ইমেইল: probsdb@gmail.com

**জনাব মোঃ নাসির উদ্দীন**
সহকারী পরিচালক মনিটরিং
বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
মোবাইল: ০১৭১২-০৫৪০৫৮
টেলিফোন: ০২৫৮৮৮৫১২৮৯
ইমেইল: unashir1988@gmail.com

**জনাব শ্যাম কিশোর রায়**
মহাপরিচালক
আপীল কর্তৃপক্ষ
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
টেলিফোন: ০২৫৮৮৮৫৫৮১৬
ইমেইল: dg@bsb.gov.bd

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**জনাব তসলিমা কানিজ নাহিদা**
অতিরিক্ত সচিব
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
মোবাইল: ০১৫৫২-৪৬৯৩৮৪
টেলিফোন: ৯৫৫৬৫৬৬
ইমেইল: tknahida@yahoo.com

**জনাব মোঃ আলমগীর হোসেন**
উপসচিব
বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
মোবাইল: ০১৭১১-৯০৯৮১৫
টেলিফোন: ৯৫৭৬৫৪৬
ইমেইল: acalamgir@yahoo.com

**জনাব মোঃ আব্দুর রউফ**
সচিব
আপীল কর্তৃপক্ষ
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
টেলিফোন: ৯৫৭৬৫৪৪
ইমেইল: sectext@gmail.com

## আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ

| নং | কার্যালয়ের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ফোন ও মোবাইল | ইমেইল |
|---|---|---|---|---|
| ১. | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী | জনাব মোঃ মাসুদ রেজা উপপরিচালক | ০৭২১-৭৭২৩৮৩ ০১৭১৫-৫৪৬০৭১ | ddbsdbrajshahi@gmail.com |
| ২. | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রংপুর | জনাব মোঃ মাহবুব-উল হক উপপরিচালক | ০৫২১৬৩২২৬ ০১৭২৬-৪২৬৭২৭ | mahbubhaque378@gmail.com |
| ৩. | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঢাকা | জনাব মোঃ আব্দুল মালেক উপপরিচালক | ০২৫৮১৫৪০৭৯ ০১৭১১-১৮০২২১ | dddhaka.konabari@gmail.com |
| ৪. | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, ঝিনাইদহ | জনাব মোঃ আরিফ হোসেন উপপরিচালক | ০৪২১৬৬৬০০ ০১৭১৯-৯২৪৯৮৫ | arifbsdb12@gmail.com |
| ৫. | আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাঙামাটি | জনাব কাঞ্চন বরণ দাস উপপরিচালক | ০৩৫১৬৩২৪৫ ০১৮১২-০৪৭৯৬৪ | rangamatibsdb@gmail.com |

## জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ

| নং | কার্যালয়ের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ফোন ও মোবাইল | ইমেইল |
|---|---|---|---|---|
| ১. | জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় ভোলাহাট | জনাব মোঃ মাসুদ রেজা সহকারী পরিচালক | ০১৭১৫-৫৪৬০৭১ | ad.bholahat@gmail.com |
| ২. | জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় বগুড়া | জনাব মোঃ নাবিউল ইসলাম জিলানী সহকারী পরিচালক | ০১৭১৭-১৩৪৫৪০ | ad.bogra256@gmail.com |
| ৩. | জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় সিরাজগঞ্জ | জনাব মোঃ নাবিউল ইসলাম জিলানী সহকারী পরিচালক | ০১৭১৭-১৩৪৫৪০ | adnabiul@gmail.com |
| ৪. | জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় গোপালগঞ্জ | জনাব মোঃ আরিফ হোসেন সহকারী পরিচালক | ০১৭১৯-৯২৪৯৮৫ | ad.rajbari@bsb.gov.bd |
| ৫. | জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় গাজীপুর | জনাব মোঃ আব্দুল মালেক সহকারী পরিচালক | ০১৭১১-১৮০২২১ | dddhaka.konabari@gmail.com |
| ৬. | জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় ঠাকুরগাঁও | জনাব মোঃ মাহবুব-উল-হক সহকারী পরিচালক | ০১৭২৬-৪২৬৭২৭ | adtkg81@gmail.com |
| ৭. | জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় কুমিল্লা | জনাব মোঃ আব্দুল মালেক সহকারী পরিচালক | ০১৭১১-১৮০২২১ | ad.cumilla@bsb.gov.bd |

# এক নজরে
# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১৯৭৪ সালে নাটোর উত্তরা গণভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাজশাহীর রেশম বস্ত্র দেখে চমৎকৃত হন এবং রেশম শিল্প বিকাশে স্বতন্ত্র একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠার অভিপ্রায় ব্যক্ত করেন। তারই ফসল হিসেবে ১৯৭৭ সালে বাংলাদেশ রেশম বোর্ড সৃষ্টি হয়। অতপর বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন হতে রেশম সম্প্রসারণ কর্মকাণ্ডসহ বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এবং রাজশাহী রেশম কারখানা রেশম বোর্ডের নিয়ন্ত্রণে আসে। ১৯৭৮ সালের ১ ফেব্রুয়ারি থেকে বোর্ড কার্যক্রম শুরু করে। ১৯৯৮ সালে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে কোম্পানী আইনে বাংলাদেশ সিল্ক ফাউন্ডেশন গঠন করা হয়। ২০০৩ সালে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউটকে স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সরাসরি নিয়ন্ত্রণে ন্যস্ত করা হয়। পরবর্তীতে ২০১৩ সালে ১৩ নং আইনবলে বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এবং বাংলাদেশ সিল্ক ফাউন্ডেশনকে একীভূত করে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড গঠন করা হয়। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা। ইহার প্রধান কার্যালয় রাজশাহীতে অবস্থিত।

ভিশন: দেশে রেশম চাষ ও শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র বিমোচন

মিশন : লাগসই প্রযুক্তি, দক্ষ জনবল ও উন্নত গবেষণার মাধ্যমে রেশম খাতের সম্ভাবনাকে পূর্ণ কাজে লাগিয়ে রেশম চাষ ও শিল্পের উন্নয়নের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র বিমোচন

### রেশম বোর্ডের উদ্দেশ্যে:

- উৎপাদিত রেশম পণ্য বাজারজাতকরণে সহায়তা প্রদান;
- মানব সম্পদ উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;
- রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়ন;
- রেশম চাষ সম্প্রসারণ ও রেশম চাষিদের সহায়তা প্রদান।

**বর্তমান সরকারের মেয়াদে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের উল্লেখযোগ্য অর্জনসমূহ হলোঃ**

- ৫৪ লক্ষ তুঁত চারা উৎপাদন ও বিতরণ
- ৫২ লক্ষ রোগমুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ
- ১৭০০ মে. টন রেশম গুটি উৎপাদন
- সারা দেশে বাৎসরিক ৪০ মে. টন রেশম সুতা উৎপাদন
- বোর্ডের অধীন মিনিফিলেচারে ১২.৫০ মে. টন সুতা উৎপাদন
- ৮৪ টি রেশম কীট মাতৃ-পিতৃ জাত সংরক্ষণ
- ১১৪ টি তুঁত জাতের মাতৃ-পিতৃ জাত সংরক্ষণ
- ১২০০০ জন তুঁতচাষি প্রশিক্ষণ
- ৬০০ টি তুঁতব্লক ও ৪২টি আইডিয়াল রেশম পল্লী স্থাপন

২০১৮ সালে রাজশাহী রেশম কারখানা চালু হওয়ার পর হতে এ পর্যন্ত ৩১,০০০ মিটার কাপড় উৎপাদন করা হয়েছে। কারখানায় রেশম শাড়ি, টু পিস, ওড়না, টাই, লেডিস সাল, বিভিন্ন থান কাপড় এমনকি গরদের কাপড় উৎপাদন করা হচ্ছে।

বর্তমানে রেশম শিল্পের ব্যাপক সম্প্রসারণের জন্য ১৩৪ কোটি টাকা ব্যয়ে ৪টি প্রকল্প চলমান রয়েছে। প্রকল্প ৪টি বাস্তবায়ন হলে:

(১) ১১০০ বিঘা জমিতে ফার্মিং পদ্ধতিতে রেশম চাষ সম্প্রসারণ করা হবে।
(২) ১৫টি উন্নত তুঁত ও ২০টি রেশম কীটের জাত উদ্ভাবিত হবে।
(৩) ১০,০০০ জন চাষিকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোল হবে।
(৪) ৭৫,০০০ জন লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

# তথ্য অধিকার আইন ২০০৯

তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত বিধান করিবার লক্ষ্যে প্রণীত আইন। এটি তথ্য অধিকার আইন ২০০৯ নামে অভিহিত। আইনের প্রধান কয়েকটি অংশ নিম্নে উল্লেখ করা হলো।

## ধারা-৮ : তথ্য প্রাপ্তির অনুরোধ

(১) কোন ব্যক্তি এই আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চাহিয়া লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত অনুরোধ নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকিতে হইবে, যথাঃ

(অ) অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর এবং ইমেইল-ঠিকানা;

(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হইয়াছে উহার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;

(ই) অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী; এবং

(ঈ) কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী উহার বর্ণনা অর্থাৎ পরিদর্শন করা, অনুলিপি নেওয়া, নোট নেওয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি।

(৩) এই ধারার অধীন তথ্য প্রাপ্তির অনুরোধ কর্তৃপক্ষ কর্তৃক মুদ্রিত ফরমে বা, ক্ষেত্রমত, নির্ধারিত ফরমেটে হইতে হইবেঃ তবে শর্ত থাকে যে, ফরম মুদ্রিত বা সহজলভ্য না হইলে কিংবা ফরমেট নির্ধারিত না হইলে, উপ-ধারা (২) এ উল্লিখিত তথ্যাবলী সন্নিবেশ করিয়া সাদা কাগজে বা, ক্ষেত্রমত, ইলেক্ট্রনিক মিডিয়া বা ই-মেইলেও তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ করা যাইবে।

## ধারা-৯ : তথ্য প্রদান পদ্ধতি

(১) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ধারা ৮ এর উপ–ধারা (১) এর অধীন অনুরোধ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করিবেন।

(২) উপ–ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন,অনুরোধকৃত তথ্যের সহিত একাধিক তথ্য প্রধান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকিলে অনধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করিতে হইবে।

(৩) উপ–ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হইলে অপারগতার কারণ উল্লেখ করিয়া আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি উহা অনুরোধকারীকে অবহিত করিবেন।




তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে অবহিতকরণ সভায় বক্তব্য রাখছেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ আব্দুর রউফ।




তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখছেন বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মাননীয় মহাপরিচালক জনাব শ্যাম কিশোর রায়

(৪) উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা-৮ এর উপধারা (১) এর অধীন অনুরোধকৃত তথ্য কোন ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হইতে মুক্তি সম্পর্কিত হইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির অনধিক ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করিবেন।

(৫) উপধারা (১), (২) বা (৪) এ উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সরবরাহ করিতে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ হইলে সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৮) ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনরোধকৃত তথ্য প্রদান করা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট যথাযথ বিবেচিত হইলে এবং যেক্ষেত্রে উক্ত তথ্য তৃতীয় পক্ষ কর্তৃক সরবরাহ করা হইয়াছে কিংবা উক্ত তথ্যে তৃতীয় পক্ষের স্বার্থ জড়িত রহিয়াছে এবং তৃতীয় পক্ষ উহা গোপনীয় তথ্য হিসাবে গণ্য করিয়াছে সেইক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ অনুরোধ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে তৃতীয় পক্ষকে উহার লিখিত বা মৌখিক মতামত চাহিয়া নোটিশ প্রদান করিবেন এবং তৃতীয় পক্ষ এইরুপ নোটিশের প্রেক্ষিতে কোন মতামত প্রদান করিলে উহা বিবেচনায় লইয়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারীকে তথ্য প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

## ধারা-২৪ : আপীল, নিষ্পত্তি, ইত্যাদি

(১) কোন ব্যক্তি ধারা ৯ এর উপ-ধারা (১), (২) বা (৪) এ নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হইলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হইলে উক্ত সময়সীমা অতিক্রান্ত হইবার, বা ক্ষেত্রমত, সিদ্ধান্ত লাভ করিবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট অপীল করিতে পারিবেন।

(২) আপীল কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আপীলকারী যুক্তিসংগত কারণে উপ-ধারা (১) এ নির্দিষ্ট সময়সীমার মধ্যে আপীল দায়ের করিতে পারেন নাই, তাহা হইলে তিনি উক্ত সময়সীমা অতিবাহিত হওয়ার পরও আপীল আবেদন গ্রহণ করিতে পারিবেন।

(৩) আপীল কর্তৃপক্ষ উপ-ধারা (১) বা (২) এর অধীন আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে (ক) আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন; অথবা (খ) তদ্‌বিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন। (৪) উপ-ধারা (৩) এর অধীন তথ্য প্রদানের জন্য নির্দেশিত হইলে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ নির্দেশ প্রাপ্তির তারিখ হইতে ধারা ৯ এর, ক্ষেত্রমত, উপ-ধারা (১), (২) বা (৪) এ নির্ধারিত সময়সীমার মধ্যে আপীল আবেনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহ করিবেন।

## ধারা-২৫ : অভিযোগ দায়ের, নিষ্পত্তি, ইত্যাদি

(১) কোন ব্যক্তি নিম্নলিখিত কারণে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করিতে পারিবে, যথা:

(ক) ধারা ১৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত কারণে তথ্য প্রাপ্ত না হইলে;

(ক) ধারা ২৪ এর অধীন প্রদত্ত আপীলের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হইলে;

(ক) ধারা ২৪ এ উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য প্রাপ্তি বা, ক্ষেত্রমত, তথ্য প্রদান সংক্রান্ত সিদ্ধান্ত প্রাপ্ত না হইলে।

(২) উপ-ধারা (১) এর দফা (ক) তে উল্লিখিত বিষয়ে যে কোন সময় এবং দফা (খ) ও (গ) তে উল্লিখিত বিষয়ে উক্তরূপ সিদ্ধান্ত প্রদানের তারিখ বা, ক্ষেত্রমত, সময়সীমা অতিক্রান্ত হইবার তারিখ হইতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করিতে পারিবেন।

(৩) তথ্য কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযোগকারী যুক্তিসংগত কারণে উপ-ধারা (২) এ নির্দিষ্ট সময়সীমার মধ্যে অভিযোগ দায়ের করিতে পারেন নাই, তাহা হইলে তথ্য কমশিন উক্ত সময়সীমা অতিবাহিত হওয়ার পরও অভিযোগ গ্রহণ করিতে পারিবেন।

(৫) উপধারা (১) এর অধীন অভিযোগ প্রাপ্তির পর কিংবা উপধারা (৪) এর অধীন কোন কার্যক্রম গ্রহণের প্রয়োজন হইলে প্রধান তথ্য কমিশনার উক্ত অভিযোগটি স্বয়ং অনুসন্ধান করিবেন অথবা অনুসন্ধানের জন্য অন্য কোন তথ্য কমিশনারকে দায়িত্ব প্রদান করিবেন।

## স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম

| নং | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ, কার্যপ্রণালি এবং দায়িত্বসমূহ | ওয়েবসাইট |
| ২. | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষমতা ও দায়িত্ব | ওয়েবসাইট |
| ৩. | সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি, জবাবদিহিতা এবং তত্ত্বাবধান | ওয়েবসাইট |
| ৪. | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ও কর্মচারির তথ্য | ওয়েবসাইট |
| ৫. | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট ও বার্ষিক প্রতিবেদন |
| ৬. | পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত যেকোনো পরামর্শ/প্রতিনিধিত্ব, যা বারেউবো কর্তৃক গৃহীত হয়েছে; তার বিবরণ | ওয়েবসাইট<br>নোটিশ বোর্ড |
| ৭. | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের বাজেট/সকল পরিকল্পনার ধরণ চিহ্নতকরণ, প্রস্তাবিত খরচ এবং প্রকৃত ব্যয়ের ওপর তৈরি প্রতিবেদন। | ওয়েবসাইট, বার্ষিক প্রতিবেদন |
| ৮. | নাগরিকদের তথ্য সংগ্রহের জন্য বিরাজমান সুযোগ সুবিধসংক্রান্ত বিবরণ, কর্মকর্তা/কর্মচারীদের জন্য সংরক্ষিত লাইব্রেরি/পড়ার কক্ষের কার্য ঘন্টা ইত্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে)। | ওয়েবসাইট ও জনসংযোগ বিভাগ |
| ৯. | নাম, পদবি, ঠিকানা, ফোন নম্বর এবং প্রয়োজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম। | ওয়েবসাইট |
| ১০. | নাম, পদবি, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ আপিল কর্তৃপক্ষের তালিকা। | ওয়েবসাইট |
| ১১. | তথ্যের জন্য নাগরিকের কাছ থেকে প্রাপ্ত সকল আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকবে;<br>ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধপত্রটি গৃহীত হয়েছে তার নাম<br>খ) কি তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে<br>গ) অনুরোধের তারিখ | তথ্য কর্মকর্তা<br>০১৭৩১-৫০৮৪৭৭ |
| ১২. | ক) সকল উন্নয়ন / প্রকল্পসংক্রান্ত চুক্তি<br>খ) প্রত্যেক চুক্তির সংক্ষিপ্ত বিবরণ, প্রাক্কলিত ব্যয় / চুক্তির মেয়াদকাল ইত্যাদি। | ওয়েবসাইট |





# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
## বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বালিয়াপুকুর, রাজশাহী।

টেলিফোন: ০২৫৮৮৮৫০৮১৬, ০২৫৮৮৮৫০৬৮৭

অনলাইনে রেশম পণ্য ক্রয়

www.silkbsdb.com

**ওয়েবসাইট:**
www.bsb.gov.bd

**ইমেইল:**
bsb.raj.bd@gmail.com, dg@bsb.gov.bd

মুদ্রণে: অগ্রণী অফসেট প্রিন্টার্স রাজশাহী। ০১৭১৪-৪৬০৭৭৬